# জে এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## ইসলাম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড: ১ ১ ১

সময় — ২ ঘণ্টা ২০ মিনিট

### সৃজনশীল প্রশ্ন

মান — ৬০

*[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.** ▶ অমি ও সামি দুই ভাই। তারা নিয়মিত সালাত আদায় করে। কিন্তু অমি প্রায়ই মিথ্যা কথা বলে এবং প্রতিশ্রুতি ভঙ্গ করে। সামি তাকে বুঝাতে চেষ্টা করে যে, এটা মুনাফেকি আচরণ। যারা এরূপ করে আখিরাতে তাদের জন্য রয়েছে কঠোর শাস্তি। এ প্রসঙ্গে আল্লাহপাক বলেন, 'নিশ্চয়ই মুনাফিকদের স্থান জাহান্নামের সর্বনিম্ন স্তরে'।

ক. 'নিফাক' শব্দের অর্থ কী? ১

খ. 'মুনাফিক' বলতে কী বুঝ? লিখ। ২

গ. অমির আচরণে যা প্রতিফলিত হয়েছে পাঠ্যবইয়ের আলোকে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত আল্লাহর বাণীর যথার্থতা বিশ্লেষণ কর। ৪

**২.** ▶ আজহার মিয়া লোকদেরকে বিপদে ফেলার জন্য তাদের গোপন বিষয় অন্যদের নিকট প্রকাশ করে দেয় এবং অন্যের গচ্ছিত সম্পদ যথাসময়ে মালিককে ফেরত দেয় না। তার স্ত্রী রুহানা বেগম বললেন, তোমার কর্মকাণ্ড হাদিসের সাথে সামঞ্জস্যপূর্ণ।

ক. 'তাকদির' শব্দের অর্থ কী? ১

খ. বিপদ-আপদে ধৈর্যধারণ করতে হবে কেন? ব্যাখ্যা কর। ২

গ. আজহার মিয়ার আচরণের মাধ্যমে কোন বিষয়টি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. রুহানা বেগমের মন্তব্যটি সংশ্লিষ্ট হাদিসের আলোকে বিশ্লেষণ কর। ৪

**৩.** ▶ রিহাব তার পিতামাতার সাথে ২০১৪ সালের অক্টোবর মাসের কোনো এক সময় একটি ধর্মীয় অনুষ্ঠান পালনের জন্য ঢাকা থেকে গ্রামের বাড়িতে গিয়েছিলেন। অনুষ্ঠানটিতে আল্লাহর সন্তুষ্টি অর্জনের উদ্দেশ্যে তার পিতা একটি গরু এবং তার চাচা একটি ছাগল জবাই করে গরু এবং ছাগলের গোশতের একটি অংশ গরিব-অসহায় মিসকিনের মধ্যে বিতরণ করে।

ক. সন্তান জন্মের সপ্তম দিনে আকিকা করা কী? ১

খ. হজের ইহরাম বলতে কী বোঝানো হয়? ব্যাখ্যা কর। ২

গ. রিহাবের পিতা ও চাচা যে ধরনের ধর্মীয় অনুষ্ঠান পালন করেছিলেন তার পটভূমি ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত ধর্মীয় অনুষ্ঠানের রয়েছে বেশ কিছু নিয়মাবলি ও বিধি-বিধান— মতামতের সপক্ষে যুক্তি দাও। ৪

**৪.** ▶ শফিক বিশ্ববিদ্যালয়ে লেখাপড়ার পাশাপাশি কুরআন মজিদ ব্যাখ্যাসহ নিয়মিত অধ্যয়ন করে ও সহপাঠীদেরকে কুরআন মজিদ অধ্যয়ন করতে উদ্বুদ্ধ করে। তার পরামর্শে তারই সহপাঠী মাসুম কুরআন মজিদের কয়েকটি ছোট ছোট

teachingbd.com

সূরা অধ্যয়ন করে শফিককে বলল, আমি কুরআন মজিদের বেশ কয়েকটি সূরা অর্থসহ পড়েছি কিন্তু ঐগুলোতে হজ, যাকাত, হালাল-হারাম ও নৈতিক মূল্যবোধ সম্পর্কিত বিধি-বিধান পেলাম না। উত্তরে শফিক বলল, তুমি আরো অধ্যয়ন করো তাহলে ঐ সকল বিষয় দেখতে পাবে।

ক. 'আল ফুরকান' অর্থ কী? ১
খ. আল-কুরআনকে আননুর বলা হয় কেন? ২
গ. মাসুম আল-কুরআনের কোন প্রকারের সূরাগুলো অধ্যয়ন করেছিল? ব্যাখ্যা কর। ৩
ঘ. শফিকের উক্ত জবাবের যথার্থতা পাঠ্য বইয়ের আলোকে নিরূপণ কর। ৪

৫.▶ সাজিয়ার বয়স ১০ বছর। বাবা তাকে কুরআন শরিফ শুদ্ধভাবে তিলাওয়াতের নিয়মগুলো শিক্ষা দিয়েছেন। বাবার কাছে সে প্রতি সকালে কুরআন তিলাওয়াত করে। বাবা তার তিলাওয়াতে মুগ্ধ হয়ে যান। সাজিয়ার বান্ধবী রাজিয়া এই নিয়মগুলো জানে না। কিন্তু সে কুরআন তিলাওয়াত করে। সাজিয়া একদিন তার তিলাওয়াত শুনে বলে তোমার তিলাওয়াত তো হবে না। তুমি তাড়াতাড়ি কুরআন তিলাওয়াতের নিয়মগুলো শিখে নাও।

ক. সর্বশ্রেষ্ঠ নফল ইবাদত কী? ১
খ. আল কুরআনকে 'আল-হুদা' বলা হয় কেন? ২
গ. সাজিয়ার বাবা তাকে কী শিখিয়েছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. সাজিয়া ও রাজিয়ার তিলাওয়াতের ফলাফল বিশ্লেষণ কর। ৪

৬.▶ রাফিন ও শাফিন মা হারা দুই সহোদর। পিতার বিদেশে অবস্থানের কারণে তারা বিপথগামী হয়। রাফিন অসৎ বন্ধুদের সাথে মিশে পথিকের সর্বস্ব ছিনিয়ে নেয়ার কাজে লিপ্ত। অন্যদিকে শাফিন লজ্জাশীলতা হারিয়ে পথভ্রষ্ট হয়।

ক. 'অশ্লীলতা' শব্দের অর্থ কী? ১
খ. পূর্ববর্তী উম্মতের কোন দুটি রোগ আমাদের মধ্যে সংক্রমিত হয়েছে? বুঝিয়ে লেখ। ২
গ. রাফিনের কাজটি কী হিসেবে গণ্য হবে? ব্যাখ্যা কর। ৩
ঘ. শাফিনের কাজের পরিণতি ইসলামি শরিয়তের আলোকে বিশ্লেষণ কর। ৪

৭.▶ রুপা কলেজে যেতে ভয় পায়। রাস্তায় তার জন্য দাঁড়িয়ে থাকে একটি ছেলে। ছেলেটি তার দিকে অশ্লীলভাবে তাকিয়ে থাকে। অন্যায়, অশ্লীল আচরণ করে তার সাথে। রুপার অনেক অপমানবোধ হয়। তার বাবা এবং কলেজের একজন শিক্ষক ছেলেটিকে তাকে প্রতিরোধ করতে গেলে তারা শারীরিক আক্রমণের শিকার হন। তাদের অস্ত্র দেখিয়ে ভয়ও দেখানো হয়। রুপার বাবাকে ছেলেটি হুমকি দিয়েছে। রুপার খুব ভয় করে কলেজে যেতে। কারণ হত্যা, মারামারির সাথে ছেলেটি জড়িত। রুপা আশঙ্কা করে এভাবে তার পড়াশোনা বন্ধ হয়ে যাবে।

http://teachingbd.com

ক. এইডস সর্বপ্রথম ধরা পড়ে কোথায়? ১
খ. এইডস প্রতিরোধের উপায়সমূহ লেখ। ২
গ. উদ্দীপকে আলোচিত ছেলেটির আচরণ কী প্রকাশ করে? এর কুফল বর্ণনা কর। ৩
ঘ. রুপা যে কারণে উদ্দীপকের ছেলেটিকে ভয় পায় তা প্রতিরোধে ইসলামের বিধানাবলি বিশ্লেষণ কর। ৪

**৮.** ▶ ধর্মীয় শিক্ষক শ্রেণিতে শিক্ষার্থীদের সম্মুখে এমন একজন ব্যক্তির আদর্শের কথা তুলে ধরেন, যিনি রাষ্ট্রে ন্যায়পরায়ণতা, ধর্মপরায়ণতা, সাম্য-মৈত্রী, ভ্রাতৃত্ব ও সকলের ন্যায্য অধিকার প্রতিষ্ঠা করেন। তিনি খোলাফায়ে রাশিদিন না হয়েও তাদের পদাংক অনুসরণ করেছেন।

ক. কাকে পঞ্চম খলিফা বলা হয়? ১
খ. 'ফাতহুম মুবিন' বলতে কী বুঝ? লেখ। ২
গ. উদ্দীপকে উল্লিখিত ব্যক্তির কর্মকাণ্ড ও চিন্তাধারা কোন খলিফার সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত ব্যক্তির জীবনীর আলোকে গণতান্ত্রিক সমাজ ব্যবস্থায় একজন শাসকের নীতি কেমন হওয়া উচিত বলে তুমি মনে কর? ৪

**৯.** ▶ মারজিয়ার শরীর খুব অসুস্থ। তাকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। মা তাকে বললেন, তুমি আল্লাহ তায়ালার কাছে দোয়া কর যাতে তোমাকে তিনি সুস্থ করে দেন। মারজিয়া বলল, আল্লাহতো আমাকে দেখছেন। তিনি যদি চান তাহলে তিনি আমাকে সুস্থ করবেন। আল্লাহর ইচ্ছার প্রতি আমি অসন্তুষ্টি দেখাবো না। মারজিয়া এমনিভাবে আল্লাহর ওপর ভরসার কারণে সে কারও মুখাপেক্ষী হয় না। জীবনে তার অনেক দুঃখ সইতে হয়েছে কিন্তু সে ধৈর্য ধরেছে আর আল্লাহর ওপর ভরসা করেছে।

ক. ৯৯ হিজরিতে কে জন্মগ্রহণ করেছেন? ১
খ. আল্লাহর ওলি বলতে কী বোঝ? ২
গ. মারজিয়ার আচরণ কোন মহীয়সী নারীর সাথে মিলে? উক্ত মহীয়সী নারীর আধ্যাত্মিকতা ব্যাখ্যা কর। ৩
ঘ. মারজিয়ার চরিত্রের সাথে সামঞ্জস্যপূর্ণ চরিত্রের আল্লাহর ওপর নির্ভরশীলতা বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

[বি: দ্র: সরবরাহকৃত উত্তরপত্রে বহুনির্বাচনি প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসমূহ হতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (√) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান-১]

১. **শফিক আল্লাহর সামাদুন নামের গুণে গুণান্বিত হতে চায়। এজন্য সে—**
i. পরমুখাপেক্ষিতা বর্জন করবে
ii. স্বাবলম্বী হওয়ার চেষ্টা করবে
iii. মানুষের কাছে সাহায্য চাইবে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

২. **"আমি তো আপনাকে সমগ্র মানবজাতির প্রতি সুসংবাদদাতা ও ভয় প্রদর্শনকারী হিসেবে প্রেরণ করেছি। – এটি কোন সূরার আয়াত?**
ক সূরা ফাতিহা খ সূরা কাউসার
গ সূরা সাবা ঘ সূরা নাস

৩. **রিদওয়ান আখিরাতকে অবিশ্বাস করে। তার চরিত্রে প্রকাশ পাবে—**
i. দুনিয়ার স্বার্থ হাসিল করা
ii. অনৈতিক কাজে যুক্ত হওয়া
iii. বন্ধুবেশে মানুষের উপকার
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

৪. **কার শাফাআত ব্যতীত কিয়ামতের দিন সফলতা, কল্যাণ ও জান্নাত লাভ করা সহজ হবে না?**
ক হযরত মিকাইল (আ)
খ হযরত জিবরাইল (আ)
গ হযরত মুহাম্মদ (স) ঘ হযরত দাউদ (আ)

৫. **আকিদা শব্দের বহুবচন কোনটি?**
ক আকিদাতুন খ আকাইদ
গ উকুদুন ঘ তাকিদুন

**অনুচ্ছেদটি পড়ে ৬ ও ৭ নম্বর প্রশ্নের উত্তর দাও:**
জনাব মাহমুদ স্যার ইসলাম শিক্ষা ক্লাসে ছাত্রছাত্রীদের বলছেন, "তিনিই একমাত্র সত্তা। তাঁর পিতা, পুত্র এবং স্ত্রী নেই। তাঁর সমকক্ষ, সমতুল্য বা শরিক কেউ নেই। সমস্ত প্রশংসা ও ইবাদত একমাত্র তারই প্রাপ্য।

৬. **জনাব মাহমুদ স্যার 'তিনি' বলতে এখানে কার কথা বুঝিয়েছেন?**
ক আল্লাহর প্রেরিত রাসুল
খ আল্লাহর প্রেরিত নবি
গ মহান আল্লাহ ঘ আল্লাহ সৃষ্ট মানুষ

৭. **উক্ত অনুচ্ছেদে বর্ণিত বিষয়গুলোতে বিশ্বাস করাই হলো—**
ক রিসালাতের সর্বপ্রধান বিষয়
খ ইমানের সর্বপ্রধান বিষয়
গ ইজমার সর্বপ্রধান বিষয়
ঘ আখিরাতের সর্বপ্রধান বিষয়

৮. **'যাক্কুম' কী?**
ক জাহান্নামের একটি উপত্যকার নাম
খ জাহান্নামের এক প্রকার পানীয়ের নাম
গ জাহান্নামের একটি বিচ্ছুর নাম
ঘ জাহান্নামের একটি কাঁটাযুক্ত বৃক্ষের নাম

৯. **ইসলামের মৌলিক বিষয় কয়টি?**
ক তিনটি খ চারটি গ পাঁচটি ঘ ছয়টি

১০. **যাকাত ফরয হওয়ার ক্ষেত্রে নিসাব পরিমাণ সম্পদ কত বছর স্থায়ী হতে হবে?**
ক এক খ দুই গ তিন ঘ চার

১১. **হাজীগণ হজ করেন—**
i. আল্লাহর ভালোবাসা পেতে
ii. আল্লাহর নেকট্য লাভের জন্য
iii. সামাজিক সুনাম অর্জনের জন্য
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১২. **নিচের কোনটি হজের ফরজ?**
ক আরাফার ময়দানে অবস্থান করা
খ শয়তানকে কংকর নিক্ষেপ করা
গ সাফা ও মারওয়ায় সাঈ করা
ঘ ইহরাম বাঁধার আগে গোসল করা

১৩. **হজের সুন্নাত হলো—**
i. ইহরাম বাঁধার আগে গোসল করা
ii. সাফা ও মারাওয়ার মাঝখানে দৌড়ানো
iii. হাজরে আসওয়াদ থেকে তাওয়াফ শুরু করা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৪. **"সামর্থ্য থাকা সত্ত্বেও যে কুরবানি করল না সে যেন আমাদের ঈদগাহের নিকটবর্তী না হয়।"— এটি কার উক্তি?**
ক মুহাম্মদ (স)-এর খ দাউদ (আ)-এর
গ ঈসা (আ)-এর ঘ মুসা (আ)-এর

১৫. **সন্তান জন্মের সপ্তম দিনে উত্তম কাজ হলো—**
i. সন্তানের ইসলামি নাম রাখা
ii. মাথা মুণ্ডন করা iii. আকিকা করা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৬. **হজের শিক্ষা বাস্তবায়ন করে আমরা—**
i. অন্যের প্রতি সহনশীল হব
ii. দ্বন্দ্ব-কলহ মিটিয়ে ফেলব
iii. নির্লিপ্ত মানুষে পরিণত হব
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

১৭. **পুরো কুরআন কত বছরে নাযিল হয়?**
ক ২৩ খ ২৪ গ ২৫ ঘ ২৬

১৮. **মানব জাতির মহামুক্তির সনদ কোনটি?**
ক আল-কুরআন খ আল-হাদিস
গ ইলমে ফিকহ ঘ ইলমে তাসাউফ

১৯. **মাক্কি সূরার বিষয়বস্তু হলো—**
i. তাওহিদ ii. রিসালাত
iii. হালাল-হারাম
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২০. **ইদগামের ফলে নুন সাকিন বা তানবিনের পরবর্তী হরফটি কেমন হয়?**
ক জযম যুক্ত হয় খ তাশদিদ যুক্ত হয়
গ মিলিয়ে পড়তে হয় ঘ গুন্নাহ করে পড়তে হয়

২১. **নুন সাকিন ও তানবিনের নিয়ম অনুসারে পড়ার ফলাফল—**
i. দ্রুত পড়া ii. স্পষ্ট করে পড়া
iii. মিলিয়ে পড়া
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

http://teachingbd.com

**অনুচ্ছেদটি পড়ে ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও:**
আলাউল ছোটবেলা থেকে তাজবিদের সহিত কুরআন তিলাওয়াত করলেও কোনো আয়াতের অর্থ জানে না। বদিউল তাজবিদের দিকে খেয়াল কম রাখলেও অর্থসহ কুরআন তিলাওয়াত করে।

**২২. আলাউলের কুরআন পাঠের কাজটি—**
i. সর্বশ্রেষ্ঠ নফল ইবাদত
ii. তাজবিদসহ কুরআন অধ্যয়ন
iii. শ্রেষ্ঠ পন্থায় কুরআন অধ্যয়ন
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**২৩. আলাউল ও বদিউল সমান সওয়াব পাবে, যদি তারা—**
ক) তাজবিদ ও অর্থসহ কুরআন পড়ে
খ) একে অপরের সাথে বন্ধুত্ব স্থাপন করে
গ) তাজবিদসহ কুরআন পড়া শ্রেষ্ঠ ইবাদত মনে করে
ঘ) শুধু অর্থসহ কুরআন পাঠকে প্রাধান্য দেয়

**২৪. আরবিতে চেয়ারকে কুরসি বলা হয় কেন?**
ক) এতে চারটি পা থাকায় বসা যায় বলে
খ) অনেক কাঠ একত্র করে তৈরি হয় বলে
গ) এটি ক্ষমতার প্রতিশব্দ বলে
ঘ) এটি স্থানান্তরযোগ্য বলে

**২৫. "উত্তম চরিত্র পাপকে এমনভাবে বিগলিত করে যেমনভাবে সূর্যতাপ বরফকে বিগলিত করে।" — এটি কার বাণী?**
ক) নবি কারিম (স)-এর খ) আবু হানিফা (র)-এর
গ) শাফেয়ী (র)-এর ঘ) মালেক (র)-এর

**২৬. পৃথিবীর মানুষ হিসেবে একজন মানুষের সাথে অন্যজনের যে ভ্রাতৃত্ব তৈরি হয় তা কী?**
ক) বৈমাত্রীয় ভ্রাতৃত্ব খ) ইসলামি ভ্রাতৃত্ব
গ) ঔরসজাত ভ্রাতৃত্ব ঘ) বিশ্বভ্রাতৃত্ব

**২৭. জনগণের উপকারে আসে এমন কাজের অন্তর্ভুক্ত হচ্ছে—**
i. নতুন রাস্তা নির্মাণে সাহায্য করা
ii. ভাঙা রাস্তা মেরামত করা
iii. বৃক্ষ সংরক্ষণ করা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**২৮. কুরআন ও হাদিসের আলোকে দেশপ্রেমের শিক্ষা কী?**
ক) দেশের স্বাধীনতা রক্ষা করা
খ) দেশের সীমান্ত বৃদ্ধি করা
গ) অন্যদেশে আগ্রাসন চালানো
ঘ) অন্যদেশের সংস্কৃতি ধ্বংস করা

**২৯. আখলাকে যামিমার কারণে সমাজে—**
i. অন্যায়ের প্রসার ঘটে ii. অসৎকাজের প্রসার ঘটে
iii. সমাজে উদ্যম দেখা দেয়
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৩০ ও ৩১ নং প্রশ্নের উত্তর দাও:**
আদ্যাক্ষর 'শ' নামধারী রেযা খানের মালিকানাভুক্ত কিছু পণ্য সংরক্ষিত স্থান থেকে গোপনে হাতিয়ে নেয়।

**৩০. 'শ' নামধারীর কর্মটির পারিভাষিক নাম কী?**
ক) সন্ত্রাস খ) চৌর্য গ) ঘুষ ঘ) ফিতনা

**৩১. 'শ' নামধারী লোকটির পরিণাম হলো—**
i. ইসলাম তার হাত কেটে দেওয়ার বিধান রেখেছে
ii. ইসলাম তাকে দেশান্তর করার বিধান রেখেছে
iii. আখিরাতে তার জন্য কঠোর শাস্তির বিধান রয়েছে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

**৩২. সন্ত্রাস দমনে ইসলামের কয় প্রকার ব্যবস্থা রয়েছে?**
ক) দুই খ) তিন গ) চার ঘ) পাঁচ

**৩৩. মানুষ সৃষ্টির মূল উদ্দেশ্য কোনটি?**
ক) পিতা-মাতার ইবাদত করা
খ) আল্লাহর ইবাদত করা
গ) নবি-রাসুলগণের ইবাদত করা
ঘ) ফেরেশতাগণের ইবাদত করা

**৩৪. অষ্টম শ্রেণির ছাত্র আযহার সুলাইমান (আ)-এর জীবনী পড়ে সম্ভাব্য কোন শিক্ষাটি কাজে লাগাতে পারবে?**
ক) জিনকে বশ করা
খ) বাতাসকে নিজের আয়ত্তে রাখা
গ) ন্যায়বিচার প্রতিষ্ঠা করা
ঘ) জীবজন্তুর ভাষা বুঝা

**৩৫. কারা হযরত ঈসা (আ)কে হত্যার ষড়যন্ত্র করেছিল?**
ক) খ্রিষ্টানরা খ) ইহুদিরা
গ) মুসলমানরা ঘ) বৌদ্ধরা

**৩৬. বিদায় হজের ভাষণে মহানবি (স)—**
i. আমানত রক্ষার কথা বলেছেন
ii. বিশ্ব জয় করার কথা বলেছেন
iii. স্ত্রীদের প্রতি সদ্ব্যবহারের কথা বলেছেন
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**অনুচ্ছেদটি পড়ে ৩৭ ও ৩৮ নম্বর প্রশ্নের উত্তর দাও:**
জাকিয়ার চরিত্র নিয়ে কিছু বখাটে লোক সমাজে দুর্নাম রটায়। পরে প্রমাণিত হয় জাকিয়ার চরিত্রে কোনো প্রকার খারাপ বৈশিষ্ট্য নেই।

**৩৭. কোন মহীয়সী নারীর ঘটনার সাথে জাকিয়ার ঘটনার মিল আছে?**
ক) খাদিজা (রা)-এর খ) উম্মে কুলসুম (রা)-এর
গ) আয়িশা (রা)-এর ঘ) আসমা (রা)-এর

**৩৮. জাকিয়ার ঘটনার সাথে সামঞ্জস্যপূর্ণ ঐতিহাসিক ঘটনাটির প্রভাব পড়েছিল—**
i. মহানবি (স)-এর জীবনে
ii. আয়িশা (রা)-এর জীবনে
iii. আবু বকর (রা)-এর জীবনে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৩৯. হযরত উমর ইবনে আব্দুল আজিজ ছিলেন একাধারে—**
i. ফকিহ ii. মুজতাহিদ
iii. কুরআন ও হাদিসের হাফিয
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৪০. "হে আল্লাহ তুমি আমাকে কোনো মানুষের অধীন করে না রাখলে আমি সর্বক্ষণ শুধু তোমার ইবাদাত করতাম"— উক্তিটি কার?**
ক) হযরত আয়িশা (রা)-এর
খ) হযরত উমর বিন আব্দুল আজিজের
গ) হযরত রাবেয়া বসরির
ঘ) হযরত ওয়ায়েস কুরনির

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | গ | ৩ | ক | ৪ | গ | ৫ | খ | ৬ | গ | ৭ | ঘ | ৮ | ঘ | ৯ | গ | ১০ | ক | ১১ | ক | ১২ | ক | ১৩ | খ | ১৪ | ক | ১৫ | ঘ | ১৬ | ক | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | ক | ২০ | ঘ |
| ২১ | গ | ২২ | ক | ২৩ | ক | ২৪ | খ | ২৫ | ক | ২৬ | ঘ | ২৭ | ঘ | ২৮ | ক | ২৯ | ক | ৩০ | খ | ৩১ | ঘ | ৩২ | খ | ৩৩ | খ | ৩৪ | গ | ৩৫ | খ | ৩৬ | ঘ | ৩৭ | গ | ৩৮ | ঘ | ৩৯ | ঘ | ৪০ | গ |

http://teachingbd.com